

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব বাবলু কুমার সাহা, মহাপরিচালক (অতিরিক্তসচিব)
সভারসূচি : ২৩ ডিসেম্বর ২০১৯, সকাল ৯:১০ ঘটিকা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর সভায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি, অভিযোগ নিষ্পত্তি, অনিষ্পন্ন দাপ্তরিক কাজ, ই-ফাইলিং অগ্রগতি এবং বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	চলতি ২০১৯-২০২০ অর্থবছরের জুলাই-নভেম্বর ২০১৯ মাসে মাঠ পর্যায়ের অফিসসমূহের APA এর লক্ষ্য মাত্রা অনুযায়ী বাজার তদারকি কার্যক্রম পরিচালনার অগ্রগতির তথ্যাদি পর্যালোচনা করা হয়। আলোচনান্তে দেখা যায় যে, ঢাকা, বরিশাল ও সিলেট বিভাগ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করেছে। অন্যদিকে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও রাজশাহী বিভাগ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি।	ক) APA লক্ষ্যমাত্রা অনুযায়ী ঢাকা, বরিশাল ও সিলেট বিভাগসমূহ বাজার তদারকি কার্যক্রম নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জন করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। অপরদিকে চট্টগ্রাম, খুলনা, রংপুর ও রাজশাহী বিভাগ নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। খ) নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা পূরণের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। লক্ষ্যমাত্রা পূরণ না হলে স্ব স্ব কার্যালয়কে দায়ভার বহন করতে হবে।	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।
০২	চলতি অর্থবছরে এ পর্যন্ত ভোক্তাদের ৪০৬৬টি লিখিত অভিযোগ পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৩১৮৬টি নিষ্পত্তি হয়েছে। অভিযোগ নিষ্পত্তির হার ৭২.৪৭ শতাংশ। তন্মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক নিষ্পত্তির হার ৩৯.৭২ শতাংশ।	ক) APA লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অভিযোগ নিষ্পত্তির হার বাড়াতে কর্মকর্তাদের আরো বেশি আন্তরিক ও মনোযোগী হতে হবে। খ) জেলা ভিত্তিক অভিযোগ নিষ্পত্তি এবং পূর্ববর্তী অভিযোগসমূহ কতদিন ধরে পেন্ডিং রয়েছে তার তথ্যাদি প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। পরবর্তী সভায় কার্যালয় ভিত্তিক কর্মকর্তার অভিযোগ নিষ্পত্তির তথ্য সভায় পেশ করতে হবে।	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।
০৩	অধিদপ্তর প্রতিষ্ঠার পর থেকে এ পর্যন্ত মহামান্য হাইকোর্ট বিভাগে অধিদপ্তরের বিরুদ্ধে ৫৩টি রিট মামলা দায়ের হয়েছে। উক্ত রিট মামলা সমূহের মধ্যে ২টি মামলা গুরুত্বপূর্ণ।	অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাগুলো পরিচালনার বিষয়ে সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানাকে তৎপর হতে হবে। প্রয়োজনে উর্ধ্বতন কর্মকর্তার পরামর্শ মোতাবেক তিনি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।	সহকারী পরিচালক (তদন্ত)
০৪	ই-ফাইলিং এর মাধ্যমে কার্যক্রম নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) অধিদপ্তরের সকল শাখার কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।	প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		(খ) ই-নথি সংক্রান্ত এটুআই কর্তৃক মাসিক প্রতিবেদনে উল্লিখিত অবস্থানের অগ্রগতির জন্য সকল শাখাকে আন্তরিক ভাবে ই-নথির মাধ্যমে কাজ করতে হবে।	
০৫	অধিদপ্তরের শূন্য পদ পূরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	আগামী এক মাসের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অধিদপ্তরের নিয়োগ কমিটি
০৬	অধিদপ্তরের ৬টি অডিট আপত্তি দূত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়।	অধিদপ্তরের ৬টি অডিট আপত্তি দূত নিষ্পত্তির জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে ত্রিপক্ষীয় সভার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশা)

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(বাবলু কুমার সাহা)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮১৮৯৪২৬


ইমেইল: dg@dnrcp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.৯৯.০৭১.১৯-১০৫৭

তারিখ: ২৬ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার)/(প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), প্রধানকার্যালয়/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক (সকল), প্রধান/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৫। অফিস কপি।



(আতিয়া সুলতানা)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৮১৮৯৪১০

ই-মেইল: ad-admin@dnrcp.gov.bd